# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১০৩. আল্লাহ্ তা’আলার শাস্তি তথা আগুন দিয়ে কাউকে শাস্তি দেয়া

’ইকরিমাহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা ’আলী (রা.) কিছু মুরতাদ্দেক আগুনে পুড়িয়ে মারলেন। খবরটি আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ (রাযিয়াল্লাহু ’আনহুমা) এর নিকট পৌঁছুলে তিনি বলেন: আমি যদি উক্ত স্থানে হতাম তাহলে আমি তাদেরকে হত্যা করতাম। কারণ, রাসূল (সা.) বলেছেন:

مَنْ بَدَّلَ دِيْنَهُ فَاقْتُلُوْهُ

‘‘যে ব্যক্তি ইসলাম ধর্ম পরিত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ করবে তাকে তোমরা হত্যা করো’’।

আমি তাদেরকে আগুনে পুড়িয়ে মারতাম না। কারণ, রাসূল (সা.) বলেন:

لاَ تُعَذِّبُوْا بِعَذَابِ اللهِ

‘‘তোমরা আল্লাহ্ তা’আলার শাস্তি তথা আগুন দিয়ে কাউকে শাস্তি দিও না’’।[1]

ব্যাপারটি ’আলী (রা.) এর নিকট পৌঁছুলে তিনি বলেন: ’আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ সত্য বলেছে।

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) আমাদেরকে একদা একটি প্রনিনিধি দলে পাঠিয়ে বললেন:

إِنْ وَجَدْتُمْ فُلاَنًا وَفُلاَنًا فَأَحْرِقُوْهُمَا بِالنَّارِ

‘‘তোমরা যদি অমুক অমুককে পাও তা হলে তোমরা তাদেরকে আগুনে পুড়িয়ে মারবে’’।

অতঃপর আমরা যখন গন্তব্যের পথে রওয়ানা হলাম তখন তিনি আমাদেরকে ডেকে বললেন:

إِنِّيْ أَمَرْتُكُمْ أَنْ تُحْرِقُوْا فُلاَنًا وَفُلاَنًا ، وَإِنَّ النَّارَ لاَ يُعَذِّبُ بِهَا إِلاَّ اللهُ ، فَإِنْ وَجَدْتُمُوْهُمَا فَاقْتُلُوْهُمَا

‘‘আমি তোমাদেরকে ইতিপূর্বে আদেশ করেছিলাম অমুক অমুককে আগুনে পুড়িয়ে মারতে ; অথচ আগুন দিয়ে শাস্তি দেয়ার অধিকার একমাত্র আল্লাহ্ তা’আলাই রাখেন। তাই তোমরা ওদেরকে পেলে হত্যা করবে’’।[2]

>

## ফুটনোট

[1] (তিরমিযী, হাদীস ১৪৫৮ আবু দাউদ, হাদীস ৪৩৫১)

[2] (বুখারী, হাদীস ৩০১৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন